Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭**

২১ জানুয়ারি ২০২১
তারিখ: ------------------
০৭ মাঘ ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য প্রতিষ্ঠান ভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখা হতে প্রাপ্ত ২০ জানুয়ারি ২০২১ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০-১৭ ও তদ্‌সংযুক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, জনস্বাস্থ্য-২ শাখা এর ১৮ জানুয়ারি ২০২১ তারিখের পত্র সূত্র নং- ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০-১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ভ্যাকসিন ক্রয়ের উদ্যোগ গ্রহণ করেছে। পর্যায়ক্রমে কোভিড ভ্যাকসিন সংগ্রহ করে সকল উদ্দিষ্ট জনগণকে কোভিড টিকার আওতায় আনা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে সরকার কর্তৃক প্রস্তুতকৃত অগ্রাধিকারভুক্ত প্রতিষ্ঠানের উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকায় ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। টিকা প্রাপ্তির লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২১ জানুয়ারি ২০২১ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

৩। এক্ষণে, অগ্রাধিকার ভিত্তিতে টিকা প্রাপ্তির লক্ষ্যে সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত ছক-এ আপনাদের ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা admin@fid.gov.bd ইমেইল ঠিকানায় **অতীব জরুরী ভিত্তিতে** প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

| প্রতিষ্ঠানের নাম | কর্মকর্তা ও কর্মচারীদের নাম | জাতীয় পরিচয়পত্র নম্বর (ইংরেজি) |
|---|---|---|
| | | |

৪। উল্লিখিত ছক-এ আপনাদের ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রস্তুতের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

(ক) তালিকা অবশ্যই Nikosh ফন্ট ব্যবহার করে এক্সেল ফরমেটে (.xlsx) সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
(খ) কোনভাবেই পিডিএফ (.pdf) ফরমেট গ্রহণযোগ্য হবে না; এবং
(গ) NID এর ক্ষেত্রে ১০ অথবা ১৭ ডিজিট উল্লেখ করতে হবে এবং অবশ্যই ইংরেজিতে লিখতে হবে।

৫। আপনাদের ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের তালিকা অনুচ্ছেদ নং-৩ এ বর্ণিত ঠিকানায় প্রেরণের পাশাপাশি munira.jahan@bb.org.bd ও sadika.akter@bb.org.bd ইমেইল ঠিকানায়ও প্রেরণ করতে হবে। তাছাড়া উভয় ক্ষেত্রে প্রেরিত ইমেইল এ আলোচ্য বিষয়ে যোগাযোগের জন্য এতদ্‌সংশ্লিষ্ট ০২ (দুই) জন কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নাম্বার ও ইমেইল ঠিকানা উল্লেখ করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ০৪ (চার) পাতা।

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**অতীব জরুরি**

নং - ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০-১৭ তারিখ: ২০ জানুয়ারি,২০২১

বিষয় : **কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য প্রতিষ্ঠানভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের তালিকা প্রেরণ।**
সূত্র : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০.১৪ তারিখ ১৮-০১-২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ইতোমধ্যেই জাতীয় ভ্যাকসিন প্রয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। ১ম ধাপে সংগৃহীত ৩ কোটি ভ্যাকসিন অগ্রাধিকার ভিত্তিতে দেড় কোটি প্রাতিষ্ঠানিক কর্মকর্তা-কর্মচারীদের প্রদান করার লক্ষ্যে প্রতিষ্ঠান/দপ্তরের জনগোষ্ঠী/ব্যক্তিবর্গ/কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রণয়নপূর্বক আগামী ২১ জানুয়ারি ২০২০ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে প্রেরণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

বর্ণিতাবস্থায়, তাঁর প্রতিষ্ঠান/দপ্তরের জনগোষ্ঠী/ব্যক্তিবর্গ/কর্মকর্তা-কর্মচারীর তালিকা প্রণয়নপূর্বক সংযুক্ত ফরমে "Nikosh" ফন্টে .xlsx ফরম্যাটে সফট কপি এ বিভাগের ই-মেইলে (ই-মেইল admin@fid.gov.bd) জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, কোনভাবেই পিডিএফ (.pdf) ফরম্যাট গ্রহণযোগ্য নয়।

সংযুক্তিঃ (১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পত্র ০২ (দুই) পাতা।
(২) নির্ধারিত ফরম (.xlsx ফরম্যাটে)।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।**


(মোহাম্মদ সফিউল আলম)
উপসচিব
ফোন : ৯৫৫৯১০৯
admin@fid.gov.bd


অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বেসরকারি ব্যাংকসমূহের তথ্য সংযোজনপূর্বক প্রেরণের অনুরোধসহ)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ই-৬/সি, আগারগাঁও ঢাকা।
৩। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭ দিলকুশা বা/এ, ঢাকা।
৪। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বড় মগবাজার, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৬। যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। উপসচিব (সকল), অধিশাখা/শাখার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে যথাসময়ে তথ্য সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**নমুনা ছক/ফরম**

| প্রতিষ্ঠানের নাম | কর্মকর্তা ও কর্মচারীদের নাম | জাতীয় পরিচয়পত্র নম্বর (ইংরেজি) |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

*"মুজিববর্ষে স্বাস্থ্য খাত*
*এগিয়ে যাবে অনেক ধাপ।"*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য - ২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০- ১৪ তারিখঃ ১৮/০১/২০২১ খ্রি:

বিষয়: **কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য উদ্দিষ্ট জনগোষ্ঠির তালিকা প্রস্তুত ও সরবরাহ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে ইতোমধ্যেই জাতীয় ভ্যাকসিন প্রয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে সমন্বিত একটি তালিকা প্রণয়ন করা প্রয়োজন।

১ম ধাপে ৩ কোটি ভ্যাকসিন ডোজ সংগ্রহ করা হবে, যা দেড় কোটি উদ্দিষ্ট জনগোষ্ঠিকে পর্যায়ক্রমে প্রদান করা হবে। সেক্ষেত্রে (১) যাদের সংক্রমনের ঝুকি বেশি (২) যে সকল জনগোষ্ঠীর থেকে সংক্রমন ছড়ানোর সম্ভাবনা বেশি ও (৩) আক্রান্ত হলে জটিলতা/মৃত্যুর ঝুকিঁ বেশি তাদেরকে অগ্রাধিকার দিতে হবে।

পর্যায়ক্রমে কোভিড ভ্যাকসিন সংগ্রহ করে সকল জনগণকে কোভিড টিকার আওতায় আনা হবে। প্রাথমিক পর্যায়ে নির্দিষ্ট প্রতিষ্ঠান ভিত্তিক তালিকা প্রস্তুত করতে হবে। সেক্ষেত্রে কোভিড-১৯ মহামারী মোকাবেলায় নিয়োজিত স্বাস্থ্যকর্মী ও অন্যান্য প্রতিষ্ঠানের সম্মুখ সারির কর্মীগণ অগ্রাধিকার পাবেন।

পরবর্তী পর্যায়ে অবশিষ্ট জনগোষ্ঠীর অগ্রাধিকার বিবেচনায় রেজিস্ট্রেশন করে কোভিড টিকা প্রদান সম্পন্ন করা হবে।

অগ্রাধিকারভুক্ত প্রতিষ্ঠানের উদ্দিষ্ট জনগোষ্ঠীর তালিকা-

১. কোভিড-১৯ মহামারি মোকাবেলায় সরাসরি সম্পৃক্ত সরকারী হাসপাতালের স্বাস্থ্যকর্মীগণ (চিকিৎসক, সেবিকা ও মিডওয়াইফ, এসএসিএমএ, অল্টারনেট মেডিকেল কেয়ার, হোমিওপ্যাথি, ফার্মাসিস্ট, মেডিকেল টেকনোলোজিস্ট, ল্যাবরেটরী এটেনডেন্ট, ওয়ার্ড মাস্টার, ওয়ার্ড বয়/আয়া, ধোপা, টিকেট ক্লার্ক, কুক-মশালচি, পরিচ্ছন্নতা বিষয়কর্মী, ফিজিওথেরাপিষ্ট, অ্যাম্বুলেন্স চালক এবং অন্যান্য সরাসরি সম্পৃক্ত সেবাদানকারী);
২. কোভিড-১৯ মহামারি মোকাবেলায় সরাসরি সম্পৃক্ত সকল রেজিস্ট্রেশন ভুক্ত বেসরকারি ও স্বতন্ত্র স্বাস্থ্য সেবা কর্মীগণ (চিকিৎসক, সেবিকা ও মিডওয়াইফ, এসএসিএমও, অল্টারনেট মেডিকেল কেয়ার, হোমিওপ্যাথি, ফার্মাসিস্ট, মেডিকেল টেকনোলোজিষ্ট, ল্যাবরেটরী এটিনডেন্ট, ওয়ার্ড মাস্টার, ওয়ার্ড বয়/আয়া, ধোপা, টিকেট ক্লার্ক, কুক-মশালচি, পরিচ্ছন্নতা বিষয়কর্মী, ফিজিওথেরাপিস্ট অ্যাম্বুলেন্স চালক এবং অন্যান্য সরাসরি সম্পৃক্ত সেবাদানকারী);
৩. বীর মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনা;
৪. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তথা পুলিশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান, ট্রাফিক পুলিশ, আনসার, ভিডিপি;
৫. প্রতিরক্ষা কার্যে নিয়োজিত সেনাবাহিনী, বিমান বাহিনী, নৌ বাহিনী ও বর্ডার গার্ড বাংলাদেশ ইত্যাদি বাহিনীর সদস্য, কোস্টগার্ড ও প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট;
৬. রাষ্ট্র পরিচালনার নিমিত্ত অপরিহার্য কার্যালয় তথা মন্ত্রণালয়, সচিবালয়, বিচারিক ও প্রশাসনিক কার্যালয় সমূহের কর্মকর্তা;
৭. নির্বাচিত জনপ্রতিনিধি;
৮. গণমাধ্যমকর্মী;
৯. জনসেবায় সরাসরি সম্পৃক্ত সিটি কর্পোরেশন ও পৌর সভার কর্মী;
১০. ধর্মীয় প্রতিনিধিগণ;

১১. মৃতদেহ সৎকার কার্যে নিয়োজিত ব্যক্তি;

১২. জরুরি বিদ্যুৎ, পানি, গ্যাস সরবরাহ ও পয়:নিস্কাশন কাজের সাথে জড়িত কর্মকর্তা-কর্মচারী

১৩. নৌ বন্দর, রেল স্টেশন ও বিমান বন্দরসমূহে কর্মরত ব্যক্তি;

১৪. মন্ত্রণালয়, বিভাগ, জেলা ও উপজেলাসমূহে আবশ্যকীয় জনসেবায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী

১৫. ব্যাংক কর্মকর্তা-কর্মচারী

উপরিউল্লিখিত প্রতিষ্ঠানসমূহের জনগোষ্ঠীর মধ্য হতে আপনার মন্ত্রণালয়ের/বিভাগ সংশ্লিষ্ট জনগোষ্ঠী/ব্যক্তিবর্গ/কর্মকর্তা-কর্মচারীর তালিকা সংযুক্ত ফরম-২ ও সংযুক্ত ফরম-৩ এ পূরণ করতে হবে। ফরম-২ ও ফরম-৩ Nikosh ফন্ট ব্যবহার করে এক্সেল ফরমেটে (.xlsx) সংরক্ষণ ও প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, কোনভাবেই পিডিএফ (.pdf) ফরমেট গ্রহণযোগ্য নয়। সফটকপি এ বিভাগে মেইল এ্যাড্রেস ph@hsd.gov.bd এবং hsdc.19vaccine@gmail.com এ প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, আগামী ২১ জানুয়ারি ২০২১ খ্রি: বিকাল ৩.০০টার মধ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগের কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য উদ্দিষ্ট জনগোষ্ঠির তালিকা প্রস্তুতপূর্বক সফটকপি ও হার্ডকপি এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/০১/২০২১

(মোহাম্মদ মসিদুর রহমান মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিবাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৭। সচিব, প্রতিরক্ষা মন্তণালয়, শেরেবাংলানগর, ঢাকা।
৮। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০।
১৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। যুগ্নসচিব (জনস্বাস্থ্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।